

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ২৮, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
কমিটি বিষয়ক শাখা  
প্রজ্ঞাপন

ঢাকা, ২৪ এপ্রিল, ২০১৪/১১ বৈশাখ, ১৪২১

নম্বর ০৪.০০.০০০০.৬১১.০০৬.০১৯.১৪-৮১—সরকার সামাজিক নিরাপত্তা বলয় কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি নিম্নরূপভাবে গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

- |   |          |
|---|----------|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়                                   | - সভাপতি |
| (২) মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | - সদস্য  |
| (৩) মন্ত্রী, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়                     | - সদস্য  |
| (৪) মন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়                             | - সদস্য  |
| (৫) প্রতিমন্ত্রী, সমাজকল্যাণ মন্ত্রণালয়                        | - সদস্য  |
| (৬) প্রতিমন্ত্রী, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়               | - সদস্য  |

(খ) কমিটির কার্যপরিধি:

- প্রতি বছর মার্চ মাসে কমিটির বিশেষ সভা অনুষ্ঠিত হবে এবং উক্ত সভায় বয়স্কভাতা প্রদান কর্মসূচির পূর্ববর্তী বছরের সার্বিক মূল্যায়ন ও পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা;
- অসচ্ছল প্রতিবন্ধীদের জন্য ভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বছরের বাজেট নির্ধারণ করা;

( ১৩০৭৫ )

মূল্য : টাকা ৪.০০

- (৩) বিধবা ও স্বামী পরিত্যক্তা দুঃস্থ মহিলাদের জন্য ভাতা বিতরণের সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং পরবর্তী বছরের এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;
  - (৪) মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, প্রার্থী বাছাইয়ে অনুমোদিত নীতিমালার সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং এ সংক্রান্ত বাজেট প্রণয়ন করা;
  - (৫) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালভাতা বিতরণ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা;
  - (৬) প্রতিবন্ধীদের জন্য শিক্ষা উপবৃত্তি কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা;
  - (৭) হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান ও মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা;
  - (৮) দলিত, হরিজন ও বেদে জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা;
  - (৯) ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস রোগীর আর্থিক সহায়তা কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা; এবং
  - (১০) চা শ্রমিকদের জীবনমান উন্নয়ন কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান মূল্যায়ন এবং বাজেট নির্ধারণ করা।
- ২। সমাজকল্যাণ মন্ত্রণালয় কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।
  - ৩। কমিটি প্রতি তিনমাসে একবার বৈঠকে মিলিত হবে।
  - ৪। এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নূরুল করিম

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)